

জানি হে যবে প্রভাত হবে তোমার কৃপা-তরণী
 লইবে মোরে ভবসাগর-কিনারে হে প্রভু ।
 করি না ভয়, তোমারি জয় গাহিয়া যাব চলিয়া,
 দাঁড়াব আসি তব অমৃতদুয়ারে হে প্রভু ॥
 জানি হে তুমি যুগে যুগে তোমার বাহু ঘেরিয়া
 রেখেছ মোরে তব অসীম ডুবনে হে—
 জনম মোরে দিয়েছ তুমি আলোক হতে আলোকে,
 জীবন হতে নিয়েছ নব জীবনে হে প্রভু ॥
 জানি হে নাথ, পুণ্যপাপে হৃদয় মোর সতত
 শয়ান আছে তব নয়নমুখে হে প্রভু ।
 আমার হাতে তোমার হাত রয়েছে দিনরজনী,
 সকল পথে-বিপথে সুখে-অসুখে হে প্রভু ।
 জানি হে জানি জীবন মম বিফল কভু হবে না,
 দিবে না ফেলি বিনাশভয়পাথারে হে—
 এমন দিনে আসিবে যবে করুণাভরে আপনি
 ফুলের মতো তুলিয়া লবে তাহারে হে প্রভু ॥

Parjaay: Puja, Taal: Jhaptaal, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail